গোপনীয়
অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
(www.bpsc.gov.bd)

নম্বর : ৮০.১০৮.০১১.০৪.৩৩.০২৩.২০১৪-১১১ তারিখ ঃ ২৭ সেপ্টেম্বর,২০১৬।

বিষয় ঃ ৩৪তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডার পদে সুপারিশকৃত নয় এমন প্রার্থীদের দ্বিতীয় শ্রেণী নন-ক্যাডার পদে নিয়োগের জন্য মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

সূত্র ঃ (ক) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ০৬-০৪-২০১৬ খ্রিঃ তারিখের পত্র নং-৩৩.০০.০০০০.১০৮.১১.০২৫.১৪.৬০৩।
(খ) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ০২-০৮-২০১৬ খ্রিঃ তারিখের পত্র নং-৩৩.০০.০০০০.১২৬.০৫.০২২.১৪-৩৬৪।
(গ) কর্ম কমিশন সচিবালয়ের ২০-০৯-২০১৬ খ্রিঃ তারিখের পত্র নং-৮০.২০০.০৬৪.০০.০০.০১১.২০১৫-২২৬।
(ঘ) কর্ম কমিশন সচিবালয়ের ২০-০৯-২০১৬ খ্রিঃ তারিখের পত্র নং-৮০.২০০.০৬৪.০০.০০.০১১.২০১৫-২২৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মৎস্য অধিদপ্তরের ০৬-০৪-২০১৬ তারিখের ৬০৩ নং স্মারকে ২য় শ্রেণীর কারিগরী সহকারী ০৪ টি এবং সহকারী হ্যাচারী কর্মকর্তা ০৪ টি শূন্য পদের ৫০% হিসেবে ৩৪তম বিসিএস এর লিখিত এবং মৌখিক উভয় পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডার পদে সুপারিশকৃত নয় এমন প্রার্থীদের মধ্যে হতে সুপারিশ করার জন্য পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার) শাখায় রিকুইজিশন প্রেরণ করা হয়েছিল। উক্ত রিকুইজিশনের প্রেক্ষিতে নন-ক্যাডার নিয়োগ (বিশেষ) বিধিমালা-২০১০ অনুসরণে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন নিম্নোক্ত ০৬(ছয়) জন প্রার্থীকে মেধা এবং প্রচলিত কোটা পদ্ধতি অনুসরণ করে কমিশন নিয়োগের জন্য সাময়িকভাবে (Provisionally) সুপারিশ প্রদান করেছে ঃ-

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ	পদের নাম	প্রার্থীর নাম ও রেজিঃ নম্বর	সুপারিশের ভিত্তি
১	২	৩	৪	৫
১)	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মৎস্য অধিদপ্তর	কারিগরী সহকারী	মোঃ রাশেদুর রহমান রেজিঃ নম্বর- ০৩১৬৭৭	মেধা
২)	ঐ	ঐ	শাহ্‌জাদী রত্না রেজিঃ নম্বর- ০৫২৫৯১	মহিলা
৩)	ঐ	ঐ	সরদার ইকবাল হোসেন রেজিঃ নম্বর- ০৯৬৫৯৪	মুক্তিযোদ্ধা
৪)	ঐ	সহকারী হ্যাচারী কর্মকর্তা	মোঃ রিপন হোসেন রেজিঃ নম্বর- ০২৬৬২৯	মেধা
৫)	ঐ	ঐ	নাজিয়া হাওলাদার রুমি রেজিঃ নম্বর- ০০৮৪০০	মহিলা
৬)	ঐ	ঐ	মোসাঃ তানিয়া নাজনীন রেজিঃ নম্বর- ৫০০৭৯৭	মুক্তিযোদ্ধা

২। নিয়োগপত্র জারির পূর্বে যথাযথ এজেন্সীর মাধ্যমে সুপারিশকৃত প্রার্থীদের প্রাক নিয়োগ চরিত্র যাচাই এবং স্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে বিধি অনুযায়ী স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশপ্রাপ্ত প্রার্থীদের জন্য প্রযোজ্য মুক্তিযোদ্ধা সনদ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিয়োগের পূর্বে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে যাচাই বাছাই পূর্বক নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবেন।

৩। প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টস, সনদ ইত্যাদি আবেদনপত্রে প্রার্থীদের প্রদত্ত অংগীকারনামার ভিত্তিতে প্রাথমিকভাবে বিবেচনায় নিয়ে কমিশন এই শর্তে প্রার্থীদের সুপারিশ করেছে যে, নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ সরকারী সিদ্ধান্ত অনুযায়ী পুলিশি তদন্তের মাধ্যমে কাগজপত্রের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।

৪। পরবর্তীতে কোনো প্রার্থীর যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে, অসত্য তথ্য প্রদান বা অন্য কোন ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোন গুরুতর (Substantive) ভূল-ক্রটি পরিলক্ষিত হলে তার সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া চাকরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৫। বর্ণিতাবস্থায়, সুপারিশকৃত ০৬(ছয়) জন প্রার্থীর নন-ক্যাডার পদের জন্য কমিশনে জমাকৃত দরখাস্ত এবং ৩৪তম বিসিএস এর জন্য জমাকৃত মূল আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্রসহ এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। উল্লিখিত কাগজপত্রের প্রাপ্তি স্বীকার পত্র প্রেরণ এবং কমিশনের সুপারিশের প্রেক্ষিতে গৃহীত ব্যবস্থা সম্পর্কে যথাসময়ে কর্ম কমিশনকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনামতে।

১) ৩৪তম বিসিএস পরীক্ষার মূল আবেদনপত্র ০৬(ছয়) টি ।
(শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও পুলিশ প্রত্যয়নসহ)।
২) নন-ক্যাডার পদের জন্য প্রার্থীদের লিখিত আবেদনপত্র ০৬(ছয়) টি ।

স্বাক্ষরিত/-
(দিলদার আহমদ)
অতিরিক্ত সচিব
সচিবের দায়িত্বে
ফোন ঃ ৫৫০০৬৬২২
E-mail- secretary@bpsc.gov.bd

সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সরকার
ঢাকা।

নম্বর : ৮০.১০৮.০১১.০৪.৩৩.০২৩.২০১৪-১১১

তারিখ ঃ ২৭ সেপ্টেম্বর,২০১৬।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট,কম্পিউটার ও তথ্য প্রযুক্তি শাখা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, ঢাকা ।
(সুপারিশ সংক্রান্ত স্মারকটি পিএসসির ওয়েব সাইডে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪) মাননীয় চেয়ারম্যানের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য),বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, ঢাকা।
৫) সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য),বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৬) বিজ্ঞ সদস্য-৫ এর ব্যক্তিগত কর্মকর্তা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, ঢাকা।
৭) অফিস কপি/গার্ড ফাইল।

২৭/৯/১৬

(মোঃ জহিরুল হক)
পরিচালক (ইউনিট-৮)